

GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষা ২০২২-২৩

পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী

- ১) পরীক্ষার্থীদের অবশ্যই সকাল ১১:৩০ মিনিটের মধ্যে স্ব স্ব কেন্দ্রে নিজস্ব আসনে বসতে হবে। পরীক্ষার্থীরা রোল নম্বর ও ছবি সম্বলিত সিট ট্যাগ দেখে নিজ নিজ আসনে বসবে।
- ২) পরীক্ষার্থীরা কোন অবস্থাতেই বই, কাগজপত্র, ব্যাগ, মোবাইল ফোন, ক্যালকুলেটর, ঘড়ি, ক্যামেরা, ট্যাগ, এটিএম কার্ড বা ব্লুটুথ ডিভাইস নিয়ে পরীক্ষার কেন্দ্রে প্রবেশ করতে পারবে না।
- ৩) পরীক্ষাটি ১ (এক) ঘন্টা ব্যাপী অনুষ্ঠিত হবে (দুপুর ১২:০০টা হতে বেলা ১:০০টা পর্যন্ত)।
- ৪) উত্তরপত্র (OMR Sheet) পাওয়ার পর উপরের অংশে পরীক্ষার্থীকে তার নাম বাংলা ও ইংরেজিতে এবং মাতা ও পিতার নাম সুস্পষ্টভাবে ইংরেজিতে লিখে নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে। প্রবেশপত্র, উত্তরপত্র এবং Attendance Sheet-এর স্বাক্ষর অবশ্যই এক হতে হবে। প্রবেশপত্র অনুযায়ী রোল নম্বর নির্দিষ্ট জায়গায় লিখে সংশ্লিষ্ট বৃত্ত যথাযথভাবে ভরাট করতে হবে।
- ৫) প্রশ্ন পাওয়ার পর পরীক্ষার্থীকে OMR Sheet-এ সর্বপ্রথম সেট কোড লিখে সংশ্লিষ্ট বৃত্ত ভরাট করতে হবে।
- ৬) রোল নম্বর ও সেট কোড এ কোন প্রকার ঘষামাজা অথবা কাটাকাটি করলে উত্তরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৭) পরীক্ষা চলাকালীন কোন পরীক্ষার্থী কক্ষ ত্যাগ করবে না। পরীক্ষা শেষে পরীক্ষার্থীর কাছ থেকে OMR Sheet সংগ্রহ করার পর নির্দেশ না দেয়া পর্যন্ত পরীক্ষার্থীরা কক্ষে অবস্থান করবে।
- ৮) প্রশ্ন উভয় পৃষ্ঠায় স্পষ্টভাবে মুদ্রিত আছে কি না নিশ্চিত হতে হবে। উভয় পৃষ্ঠায় না থাকলে প্রশ্নপত্র পরিবর্তনের জন্য পরিদর্শককে অবহিত করতে হবে।
- ৯) পরিদর্শক উত্তরপত্র ও প্রবেশপত্রে ছবির উপর স্বাক্ষর করেছেন কি না পরীক্ষার কক্ষ ত্যাগ করার পূর্বে নিশ্চিত হতে হবে।